

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২১. যেকোন বিষয়ে ফতওয়া চাওয়ামাত্রই যে ব্যক্তি লোকদেরকে ফতওয়া দিয়ে বেড়ায়- তার সম্পর্কে

باب في الذي يفتي الناس في كل ما يستفتى

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ، حَدَّثَنَا عُمَيْرُ بْنُ عَرْفَجَةَ، حَدَّثَنَا رَزِينٌ أَبُو النُّعْمَانِ، عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: «إِذَا سُئِلْتُمْ عَمَّا لَا تَعْلَمُونَ، فَاهْرُبُوا» قَالَ: وَكَيْفَ الْهَرَبُ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ؟ قَالَ: تَقُولُونَ: اللَّهُ أَعْلَمُ

لم يحكم عليه المحقق

## বাংলা

১৮৩. রাযীন আবু নু'মান আলী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন, আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, যখন তোমাদেরকে এমন বিষয়ে জিজ্ঞাসা করা হয়, যা তোমরা জান না, তখন তোমরা পালিয়ে যাও। তিনি জিজ্ঞেস করলেন, হে আমীরুল মু'মিনীন! এ পালিয়ে যাওয়াটা কেমন ভাবে? তিনি বললেন: তা হল, তোমরা বলবে: 'আল্লাহ-ই ভাল জানেন'।[1]

## ফুটনোট

[1] তাহকীক্ন: রাযীন আবু নু'মানের জীবনী আমি আমার নিকট রক্ষিত কিতাবসমূহে পাইনি।

তাখরীজ: (মুহাক্বিক কোন তাখরীজ করেন নি।-অনুবাদক) আগের ও পরের টীকাগুলি দেখুন।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন